“জান্নাতের মধ্যে এমন একটি দরজা আছে, যার নাম হল ‘রাইয়ান’; যার মধ্য দিয়ে কেবলমাত্র সিয়াম পালনকারীগণই কিয়ামাতের দিনে প্রবেশ করবে। তারা ছাড়া আর কেউ সে দরজা দিয়ে প্রবেশ করতে পারবে না

সাহল রাদিয়াল্লাহু আনহু সূত্রে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম হতে বর্ণিত, তিনি বলেন: “জান্নাতের মধ্যে এমন একটি দরজা আছে, যার নাম হল ‘রাইয়ান’; যার মধ্য দিয়ে কেবলমাত্র সিয়াম পালনকারীগণই কিয়ামাতের দিনে প্রবেশ করবে। তারা ছাড়া আর কেউ সে দরজা দিয়ে প্রবেশ করতে পারবে না। ঘোষণা করা হবে: ‘সিয়াম পালনকারীগণ কোথায়?’ তখন তারা দাঁড়িয়ে যাবে এবং ঐ দরজা দিয়ে তারা ব্যতীত অন্য কেউ প্রবেশ করবে না। তারপর যখন তারা প্রবেশ করবে, তখন দরজাটি বন্ধ করে দেওয়া হবে। সেখান থেকে আর কেউ প্রবেশ করতে পারবে
না”।
[সহীহ] [সহীহ বুখারী ও মুসলিম]

নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন যে, জান্নাতের একটি দরজা আছে যার নাম রাইয়ান দরজা। কিয়ামতের দিন রোজাদাররা সে দরজা দিয়ে প্রবেশ করবে, তারা ছাড়া আর কেউ প্রবেশ করবে না। ডাকা হবে: রোজাদাররা কোথায়? তারা দাঁড়িয়ে প্রবেশ করবে, তারা ব্যতীত আর কেউ প্রবেশ করবে না। যখন তাদের শেষ ব্যক্তি প্রবেশ করবে, তখন তা বন্ধ করে দেওয়া হবে, তার পরে আর কেউ প্রবেশ করবে না।

http://www.sunnah.global/hadeeth/bn/show/3738